

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ২. ১৮. দাউদের শাস্তি ৩ না ৭ বছরের দুর্ভিক্ষ?

আমরা বলেছি, ঈশ্বরের (শয়তানের?) প্ররোচনায় দাউদ নিজ রাজ্যের লোকগণনা করেন। এতে ভয়স্কর ক্রন্ধ হয়ে ঈশ্বর দাউদকে শান্তি প্রদানের সিদ্ধান্ত নেন এবং গাদ দর্শকের মাধ্যমে তাঁকে শান্তির সংবাদ প্রদান করেন। তাঁকে তিন প্রকারের শান্তি থেকে একটা বেছে নিতে বলেন: কয়েক বছর দুর্ভিক্ষ, ৩ মাস শত্রুর সামনে পলায়ন অথবা তিন দিন মহামারী। বাইবেলের দুটো পুস্তকে এ তথ্যটা উল্লেখ করা হয়েছে। তবে দুর্ভিক্ষর সময় বর্ণনায় বাইবেলের দুটো পুস্তকের মধ্যে অদ্ভুত বৈপরীত্য! এক স্থানে বলা হয়েছে: ৩ বছর। অন্য স্থানে বলা হয়েছে: ৭ বছর!

প্রথম বর্ণনা: ৭ বছর: "পরে গাদ দাউদের কাছে এসে তাঁকে জানালেন, বললেন, আপনার দেশে সাত বছর ব্যাপী কি দুর্ভিক্ষ হবে? না আপনার দুশমনরা যতদিন আপনার পিছনে পিছনে তাড়া করে, ততদিন আপনি তিন মাস পর্যন্ত তাদের সম্মুখ থেকে পালিয়ে বেড়াবেন? …"। (২ শামুয়েল ২৪/১৩, মো.-১৩)

দ্বিতীয় বর্ণনা: ৩ বছর: "পরে গাদ দাউদের কাছে এসে তাঁকে বললেন, মাবুদ এই কথা বলেন, তুমি যেটা ইচ্ছা গ্রহণ কর; হয় তিন বছর দুর্ভিক্ষ, নয় তিন মাস পর্যন্ত দুশমনদের তলোয়ার তোমাকে পেয়ে বসলে তোমার বিপক্ষ লোকদের সম্মুখে সংহার…।" (১ বংশাবলি/ খান্দাননামা ২১/১১-১২, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13975

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন